সমকাল

তারিখ: 20 DEC 2016
পৃষ্ঠা: 4 কলাম: 2

# ঝুঁকিপূর্ণ ভবনে শিশুদের পাঠদান

■ সাইফুল হক মোল্লা দুলু, *কিশোরগঞ্জ*

কিশোরগঞ্জ শহরের ভট্টাচার্যপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনটি ঝুঁকিপূর্ণ হওয়ায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। স্কুল ভবনের ছাদ ধসে পড়ে যে কোনো সময় বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা করছেন এলাকাবাসী, শিক্ষার্থী ও অভিভাবকরা। এছাড়া বৃষ্টি নামলেই ভবনের ছাদ চুঁয়ে শ্রেণি কক্ষে পানি জমে। এ জরাজীর্ণ ভবনেই জীবনের ঝুঁকি নিয়ে কোমলমতি শিক্ষার্থীরা পাঠ গ্রহণ করতে বাধ্য হচ্ছে। বিদ্যালয়ের চার রুমের ভবনের একটিতে অফিসকক্ষ আর তিনটিতে পাঠদান কার্যক্রম চালানো হয়। বিদ্যালয়ের দুরবস্থার কারণে আতঙ্কিত হয়ে নিয়মিত স্কুলে না আসায় শিক্ষার্থীদের ঝরেপড়ার আশঙ্কা করছেন সংশ্লিষ্টরা। বিদ্যালয়ে আসা শিশুদের সঙ্গে কথা হলে তারা জানায়, ক্লাস চলাকালে প্রায়ই ছাদ থেকে পলেস্তারা খসে পড়ে তারা আঘাতপ্রাপ্ত হয়। অভিভাবক সদস্য নারায়ণ সাহা বলেন, ভবনটি ঝুঁকিপূর্ণ হওয়ায় অভিভাবকরা শিশুদের স্কুলে পাঠিয়ে আতঙ্কে থাকেন। অনেকে তাদের সন্তানদের স্কুলে পাঠাতে দ্বিধাবোধ করেন। সম্প্রতি সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা মোমতাজ বেগম বিদ্যালয় পরিদর্শন করে স্কুলভবনটি খুবই ঝুঁকিপূর্ণ থাকায় শিশুদের সেখানে ক্লাস না করাতে পরামর্শ দিয়েছেন। প্রধান শিক্ষক রাবিয়া আখতার হেপী জানান, বিদ্যালয়ে মোট ২১২ শিক্ষার্থী রয়েছে। এসব শিক্ষার্থী ঝুঁকিপূর্ণ ভবনে ক্লাস করতে এসে পড়াশোনায় মনোযোগী হতে পারছে না। স্কুল কমিটির সভাপতি আবদুল করিম জানান, ভবনটিকে পরিত্যক্ত ঘোষণা করে একটি নতুন ভবন নির্মাণের জন্য ইতিমধ্যে কর্তৃপক্ষকে লিখিতভাবে জানানো হয়েছে। স্থানীয় পৌর কাউন্সিলর আরিফুল ইসলাম আরজু জানান, স্কুলের পর্যাপ্ত জমি রয়েছে। তাই স্কুলের জমিতে জরুরিভিত্তিতে নতুন একটি ভবন নির্মাণের জন্য তিনিসহ এলাকাবাসী কর্তৃপক্ষের কাছে দাবি জানিয়েছেন। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সাজ্জাদ হোসেন জানান, স্কুল কমিটির লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উপজেলা শিক্ষা কমিটিকে বিষয়টি অবহিত করা হয়েছে। অগ্রাধিকার ভিত্তিতে নতুন ভবন নির্মাণের জন্য ইতিমধ্যে রেজুলেশনের মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন জানানো হয়েছে।



কিশোরগঞ্জে ভট্টাচার্যপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জরাজীর্ণ ভবনে ঝুঁকি নিয়ে ক্লাস করছে শিক্ষার্থীরা ■ সমকাল